



## কি অবাক আজও

মখদুম আজম মাশরাফী

কি অবাক আজও,

বারুদের গন্ধ লেগে আছে আমার আঙ্গুলের ডগায় ।

সেই একচল্লিশটি বিজয় দিবস অতিক্রম করে এলাম..

আমার যৌবদৃশ মুখ, দুর্বিনীত কোকড়ানো চুল আর

ঝিলিকি তারার মত চোখের মনিতে জ্বলতে থাকা প্রত্যয়

সময়ের সাথে যুদ্ধ করে

আজো ধরে আছে বর্ষা-নদীর মত অফুরন্ত যৌবন ।

আমি আধা শতাব্দী যাপিত এই স্বপ্নারুঢ় দেহ-মনে

কালের ঘোড়ায় চেপে ছুটে চলি আজও

অন্ধ-আলোক শোভিত আগামির সুখময় স্বদেশের দিকে ।

কে ওড়ায় রক্তসূর্য্য খচিত শ্যামল আমার পতাকা

ভ্রান্তি-গোলক বাঁধা দুষ্করের ভুল শীরজ্ঞানে?

মিথ্যাচারের দোষে দুষ্ট ও মাথা তুলতে দিয়েছে কারা

বীর-প্রজ এ মাতৃভূমির পবিত্র আকাশে?

যুদ্ধজয়ীর গৌরব কেড়ে নিয়ে, কে ছড়ায়

ভুয়া অহংকার আজ ভন্ড সৈনিক সেজে ।

কি অবাক!

বিজয়ী সেনানীর আজও হাড় ভাঙ্গা, ঘাম বারা শ্রমের জীবন,

অর্ধাহার, ক্ষুধার আগুনে তাপা অসুস্থ শরীর ।

সেনানীর যৌবন মূল্যে কেনা সেই পবিত্র পতাকা

শহীদের রক্তের দামে কেনা সেই প্রিয় স্বাধীনতা,

রমনীর সম্মুখে কেনা সেই অব্যবহিত মুক্তির দিন..

আজ অবাক লুটের মালের মত

লোভী দস্যুর দল রাজপথে, সভায়, মিছিলে

কাড়াকাড়ি করে আশ্রান!

হে যোদ্ধা, কোথায় তোমরা ? লুকিয়ে পড়েছো কেন

পাঁজরের দুর্বল অসুস্থ বন্দিশালায়?

মুক্ত কর না কেন মহাবিক্রম সেই প্রানের সিংহকে,

আবার কর না কেন দুর্জয় শপথের অঙ্গীকার,

নির্ভয়ে তোল না কেন যুদ্ধ জয়ের সেই শক্তি-হাতিয়ার?

৬ ডিসেম্বর ২০১২

মেলবর্ন